# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৫২

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - মাথার চুল মুণ্ডন করার প্রসঙ্গে

بَابُ الْحَلْقِ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفَاضَ يَوْمَ النَّحْرِ ثُمَّ رجعَ فصلّى الظّهْرَ بمنى. رَوَاهُ مُسلم

বাংলা

২৬৫২-[৭] ’আব্দুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর দিন মক্কায় গিয়ে তাওয়াফে ইফাযাহ্ (তাওয়াফে যিয়ারা) করলেন। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মিনায় ফিরে যুহরের সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩০৮, আবূ দাউদ ১৯৯৮, আহমাদ ৪৮৯৮, ইবনু খুযায়মাহ্ ২৯৪১, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৯৬৩৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَفَاضَ يَوْمَ النَّحْرِ) অর্থাৎ- নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কংকর নিক্ষেপ ও মাথা মুণ্ডন করার পর ফরয তাওয়াফ তবওয়াফে যিয়ারহ্ ও তাওয়াফে ইফাযাহ্ করেছেন সকালে, অতঃপর তিনি মিনা থেকে মক্কায় অবতরণ করেছেন।

(فَصَلَّى الظُّهْرَ بِمِنًى) এখান থেকে পরিষ্কারভাবে বুঝা যায় যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফে ইফাযাহ্ করেছিলেন দুপুরে। আর মক্কা থেকে ফিরে আসার পর মিনায় সালাতে যুহর আদায় করেছেন। এ মতের সমর্থনে অপর একটি দীর্ঘ হাদীসও আছে যা জাবির (রাঃ) বর্ণনা করেছেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হজ্জের বিষয় বর্ণনা প্রসঙ্গে। তবে সালাতের স্থান নিয়ে মতপার্থক্য সৃষ্টি হয়েছে এমনি একটি হাদীস রয়েছে যেমন

বর্ণিত আছে,

ثم ركب رسول الله صلى الله عليه وسلم فافاض إلى البيت فصلى بمكة الظهر অর্থাৎ- রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সওয়ারীতে আরোহণ করলেন, অতঃপর বায়তুল্লাহ গেলেন এবং মক্কায় সালাতে যুহর আদায় করলেন।

এখানে স্পষ্ট হলো যে, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দ্বিপ্রহরে মক্কা অভিমুখী হয়েছিলেন তা হচ্ছে ইয়াওমুন্ নাহরের দ্বিপ্রহরে এবং ইয়াওমুন্ নাহরের যুহর সালাত (সালাত/নামাজ/নামায) তিনি মক্কায় আদায় করেছেন। তদ্রূপ ‘আয়িশাহ্ (রাঃ) বলেছেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াওমুন্ নাহরে তাওয়াফ করেছেন এবং সালাতুয্ যুহর আদায় করেছেন মক্কায়।

সুতরাং আমরা দেখতে পাচ্ছি, হাদীস দু’টিতে তাওয়াফের সময় নিয়ে কোন মতপার্থক্য নেই, মতপার্থক্য আছে শুধু সালাতের স্থান নিয়ে।

সালাতের স্থান সংক্রান্ত মতবিরোধের সমাধানঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাত (সালাত/নামাজ/নামায) মক্কায় আদায় করেছেন যেমনটা বলেছেন জাবির (রাঃ) ও ‘আয়িশাহ্ (রাঃ)। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মিনায় প্রত্যাবর্তন করে সাহাবীদের নিয়ে পুনরায় সালাত আদায় করেছেন। যেমনি তিনি সাহাবীগণের নিয়ে সালাতুল খাওফ (শত্রুর ভয়ের মুহূর্তে যে সালাত আদায় করা হয়ে থাকে) আদায় করেছেন দু’বার।

প্রথমবার সাহাবীগণের একদল নিয়ে দ্বিতীয়বার সাহাবীগণের অপর দল নিয়ে বাতনে নাখলে। তাই, ‘আয়িশাহ্ (রাঃ) ও জাবির (রাঃ) মক্কাতে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাত আদায় করতে দেখে তাই বর্ণনা করেছেন যা দেখেছেন তাই তারা সত্য বলেছেন আবার অপরদিকে ‘আবদুল্লাহ ইবনু ‘উমার (রাঃ) নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মিনায় সালাত আদায় করতে দেখেছেন, তাই বর্ণনা করেছেন তিনিও সত্য বলেছেন। ইমাম নাবাবী (রহঃ) সহ অনেকেই উক্ত বিষয়টির সমাধান এভাবে পেশ করেছেন। তবে অপরদিকে কিছু কিছু ‘উলামায়ে কিরাম উপরোক্ত মত বিরোধপূর্ণ মাস্আলাটির সমাধানে অন্য পদ্ধতি অবলম্বন করেছেন। তাই তাদের কতকে একটি বর্ণনাকে অপরটির উপর অগ্রাধিকার দিয়েছেন।

উপরোক্ত বর্ণনায় তো বুঝা গেল রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুপুরে তাওয়াফ করেছেন কিন্তু অন্যান্য কিছু বর্ণনাতে আবার রাতের কথাও এসেছে। ইমাম বুখারী তাঁর সহীহাহ্-তে বলেন, আবুয্ যুবায়র ‘আয়িশাহ্ (রাঃ) থেকে, ‘আয়িশাহ্ (রাঃ) ইবনে ‘আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন, (أخر النبى صلى الله عليه وسلم الزيارة إلى الليل) অর্থাৎ- নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফকে রাত পর্যন্ত বিলম্ব করলেন।

এ কথা সর্বজনবিদিত যে, ইমাম বুখারীর তা‘লীক্ব সবই সহীহ প্রমাণিত। এতদসত্ত্বেও অত্র বর্ণনাটিকে ইমাম আহমাদ বিন হাম্বল, আবূ দাউদ, তিরমিযী সহ অন্যান্যরা সুফিয়ান সাওরী আবুয্ যুবায়র-এর মাধ্যমে মুত্তাসিল সনদে বর্ণনা করেছেন। আর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রাতে তাওয়াফ করার বর্ণনাটি ‘আয়িশাহ্ (রাঃ), ইবনু ‘আব্বাস (রাঃ) থেকে বর্ণিত যা পূর্বোক্ত বর্ণনার সাথে সাংঘর্ষিক, যে বর্ণনাটি জাবির ও

ইবনু ‘উমার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

এ মতবিরোধের অনেকগুলো সমাধান রয়েছে যার কয়েকটি নিম্নরূপঃ

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফে যিয়ারহ্ করেছেন ইয়াওমুন্ নাহরের দিনে যেমনটি পাওয়া যায় জাবির, ‘আয়িশাহ্ ও ইবনু ‘উমার (রাঃ) এর বর্ণনায়। অতঃপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় রাতে ফিরে এসেছেন, অতঃপর মিনায় ফিরে গিয়ে সেখানে রাতযাপন করেছেন। মিনার রাতগুলোতে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মক্কা আগমনটাই ‘আয়িশাহ্ (রাঃ) ও ইবনু ‘আব্বাস (রাঃ)-এর উদ্দেশ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57212

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন